

া বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ বড় শির্কের প্রকারভেদ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭. তাওবার শির্ক:

তাওবার শির্ক বলতে আল্লাহ্ তা'আলা ব্যতীত অন্য কারোর নিকট তাওবা করাকে বুঝানো হয়।

কোন অপকর্ম বা গুনাহ্ থেকে খাঁটি তাওবা করা গুরুত্বপূর্ণ একটি ইবাদাত যা আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর জন্য ব্যয় করা জঘন্যতম শির্ক।

আল্লাহ তা'আলা বলেন:

''হে ঈমানদারগণ! তোমরা সবাই আল্লাহ্ তা'আলার নিকটই তাওবা করো। যাতে তোমরা সফলকাম হতে পারো''। (নূর: ৩১)

সকল গুনাহ্ ক্ষমা করার মালিক একমাত্র আল্লাহ্ তা'আলা। অন্য কেউ নয়। সুতরাং একমাত্র তাঁর কাছেই কায়মনোবাক্যে ক্ষমা প্রার্থনা করতে হবে। অন্য কারোর নিকট নয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

«وَمَنْ يَعْفِرُ الذُّنُوْبَ إِلاَّ اللهُ»

''কমাত্র আল্লাহ্ তা'আলাই গুনাহ্ মাফ করতে পারেন''। (আ'লে-ইমরান : ১৩৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11614

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন